

সমকাল

সোমবার

২ ফেব্রুয়ারি ২০২৬ | ১৯ মাঘ ১৪৩২



নর্থ সাউথে নবীন শিক্ষার্থীদের বরণ

■ ক্যাম্পাস ডেস্ক

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) স্প্রিং সেমিস্টার ২০২৬-এর ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতি, একাডেমিক পরিবেশ ও সুযোগ-সুবিধার সঙ্গে পরিচয় করিয়ে দেয়। ওরিয়েন্টেশনের সময় স্নাতক ভর্তি পরীক্ষায় অসাধারণ ফল করার জন্য ২৩ শিক্ষার্থীকে শতভাগ মেধাবৃত্তিসহ মোট ৬৮ জন শিক্ষার্থীকে বিভিন্ন হারে বৃত্তি দেয়। প্রধান অতিথি ছিলেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ও রোহিঙ্গা সমস্যা-বিষয়ক হাইরিপ্রেজেন্টেটিভ ড. খালিলুর রহমান। বিশেষ অতিথি ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিজ আল কায়সার এবং সম্মানিত অতিথি ছিলেন বোর্ড সদস্য এমএ কাশেম ও বেনজীর আহমেদ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এনএসইউর

উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। অনুষ্ঠান শুরু হয় পবিত্র কোরআন তেলাওয়াত ও জাতীয় সংগীতের মধ্য দিয়ে। এরপর বিশ্ববিদ্যালয়ের ওপর একটি প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। নবীন শিক্ষার্থীদের উদ্দেশে স্বাগত বক্তব্য দেন এনএসইউ রেজিস্ট্রার ড. আহমেদ তাজমীন। উপস্থিত ছিলেন স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সের ডিন অধ্যাপক মো. রিজওয়ানুল ইসলাম, স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সের ডিন অধ্যাপক সাজ্জাদ হোসেন, স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সের ডিন অধ্যাপক দীপক কুমার মিত্র এবং স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকসের ডিন অধ্যাপক একেএম ওয়ারেসুল করিম। অনুষ্ঠান শেষ হয় নর্থ সাউথ ইউনিভার্সিটি সাংস্কৃতিক সংগঠন (এনএসইউএসএস)-এর মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে। ❖